গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সরকারি শিশু পরিবার (বালক)
ভাগ্যকূল, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
dys.sspb.munshiganj@dss.gov.bd

নম্বর: ৪১.০১.৫৯০০.০৩৫.১১.০১২.২৪-১১৯

তারিখ: ৩০ কার্তিক ১৪৩২
১৫ নভেম্বর ২০২৫

# ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকূল, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর শূন্য আসনে ০৬-০৯ বছর বয়সী এতিম ও সুবিধাবঞ্চিত শিশু ভর্তির জন্য আবেদন আহবান করা হচ্ছে। প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিশুরা ১৮ বছর বয়স পর্যন্ত সম্পূর্ণ সরকারি খরচে থাকা, খাওয়া, পোশাক, খেলাধুলা ও প্রশিক্ষণ সুবিধাসহ বিদ্যালয়ে লেখাপড়ার সুযোগ পাবে।

## আবেদনের যোগ্যতা ও নিয়মাবলী:

১. শিশুর বয়স ০৬-০৯ বছরের মধ্যে হতে হবে।
২. শিশুকে পিতৃ-মাতৃহীন। পিতৃহীন অথবা সুবিধাবঞ্চিত (শিশু আইন ২০১৩ এর সংজ্ঞানুযায়ী) হতে হবে।
৩. নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
৪. আবেদন ফরমের সাথে শিশুর ২ কপি ছবি, জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি, পিতা/মাতা/ অভিভাবকের এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি ও পিতার মৃত্যু সনদের ফটোকপি। স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
৬. শুধু শূন্য আসনের বিপরীতে শিশু ভর্তি করা হবে।
৭. ভর্তিকৃত শিশুদেরকে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নির্দেশিত নিয়ম-কানুন ও বিধি-নিষেধ মেনে চলতে হবে।
৮. আবেদন ফরম উপতত্ত্বাবধায়কের দপ্তর, সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকূল, শ্রীনগর, মুন্সীগঞ্জ, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ, সকল উপজেলা সমাজসেবা কার্যালয় এবং সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dss.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
৯. আবেদন জমাদানের স্থান: উপতত্ত্বাবধায়কের দপ্তর, সরকারি শিশু পরিবার (বালক), ভাগ্যকূল, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
১০. ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

- সরকারি শিশু পরিবারে ভর্তির জন্য কোন আবেদন ফি। ভর্তি ফি/ মাসিক ফি প্রয়োজন হয় না। এ ব্যাপারে কারো সাথে কোন ধরণের আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হল।
- প্রয়োজনে যোগাযোগ: ০১৯২০-১৪৮৭৯৪, ০১৭২১-৯৮৬৮০১, ০১৬০০-৩৬৩৮৬০।

১৫/১১/২৫

(মোঃ নুর ইসলাম)
উপতত্ত্বাবধায়ক
☎ ০১৯২০-১৪৮৭৯৪
সরকারি শিশু পরিবার (বালক)
ভাগ্যকূল, শ্রীনগর, মুন্সিগঞ্জ।

CamScanner